

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.১৩.০১০(অংশ-১).১৬- ৪৪৭

তারিখঃ ১০/০৮/২০১৬ খ্রিঃ।

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), জনাব মোঃ জিল্লুর রহমান এর অবসর ভাতা ও এককালীন আনুতোষিক মঞ্জুরী প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটের প্রাক্তন ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), জনাব মোঃ জিল্লুর রহমান এর মূল বেতন ই এল পি সি অনুযায়ী ৩৮,৮৯০/- (আটত্রিশ হাজার আটশত নব্বই) টাকা। ৩৮,৮৯০/- টাকা এর ৯০% হিসাবে পেনশন বাবদ মোট (৩৮,৮৯০ × ০.৯০) = ৩৫,০০১/- টাকা তিনি প্রাপ্য। তিনি সম্পূর্ণ পেনশনের বিনিময়ে এককালীন আনুতোষিক মঞ্জুরীর জন্য আবেদন করেছেন।

মোট অবসর ভাতার অর্ধাংশ (৩৫,০০১ × ০.৫০) = ১৭,৫০০/৫০ টাকা। মোট পেনশনের ১ম অর্ধাংশের বিনিময় হার প্রতি টাকায় ২৩০/- এবং ২য় অর্ধাংশের বিনিময় হার প্রতি টাকায় ১১৫/- টাকা। এই হিসেবে তার সম্পূর্ণ পেনশনের বিনিময়ে এককালীন আনুতোষিক হিসেবে এর প্রতি টাকায় ২৩০/- টাকা হিসেবে মোট (১৭,৫০০.৫০ × ২৩০) = ৪০,২৫,১১৫/- (চল্লিশ লক্ষ পঁচিশ হাজার একশত পনের) টাকা।

বাকী অর্ধাংশ (১৭,৫০০/৫০ × ১১৫) = ২০,১২,৫৫৭/৫০ (বিশ লক্ষ বার হাজার পাঁচশত সাতান্ন টাকা পঞ্চাশ পয়সা) টাকা। (৪০,২৫,১১৫ + ২০,১২,৫৫৭.৫০) = ৬০,৩৭,৬৭২/৫০ (ষাট লক্ষ সাঁইত্রিশ হাজার ছয়শত বাহাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা এককালীন অবসর ভাতা হিসেবে মঞ্জুর করা হলো। তিনি কোন মাসিক পেনশন গ্রহন করবেন না।

তিনি আনুতোষিকের সম্পূর্ণ অর্থ সোনালী ব্যাংক লিঃ, কোটবাড়ী শাখা, কুমিল্লা হতে উত্তোলন করবেন। তাঁর সঞ্চয়ী হিসাব নং- ১৩১৯৩০১০১৩৯৯৫। সরকারের রাজস্ব খাত হতে এ অর্থ ব্যয় হবে।

এমতাবস্থায়, প্রাক্তন ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), জনাব মোঃ জিল্লুর রহমান এর পেনশনের সম্পূর্ণ অংশের বিনিময়ে ৬০,৩৭,৬৭২/৫০ (ষাট লক্ষ সাঁইত্রিশ হাজার ছয়শত বাহাত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা এককালীন আনুতোষিক মঞ্জুর করা হল এবং উক্ত আনুতোষিক প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত :

১।	নির্ধারিত ফর্মে আবেদন পত্র	:	১ কপি
২।	পাসপোর্ট সাইজের ছবি	:	১ কপি
৩।	চাকুরীর বহি	:	১ খানা
৪।	চাকুরীর বিবরণী	:	১ কপি
৫।	পি আর এল এর মঞ্জুরী পত্র	:	১ কপি
৬।	ই,এল,পি,সি	:	১ কপি
৭।	না-দাবী সনদ পত্র	:	১ কপি
৮।	বৈধ উত্তরাধিকারী ঘোষণা পত্র	:	১ কপি
৯।	নমুনা স্বাক্ষর ও পাঁচ আঙ্গুলের ছাপ	:	১ কপি
১০।	জাতীয়তা সনদ পত্র	:	১ কপি
১১।	অঙ্গিকার নামা	:	১ কপি
১২।	সরকারী পাওনা নাই/বিভাগীয় মামলা নাই/ অডিট আপত্তি নাই মর্মে প্রত্যয়ন পত্র	:	১ সেট

স্বাক্ষরিত/-

(ড. শেখ আবু রেজা)

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ও

পরিচালক (প্রশাসন) এর রুটিন দায়িত্ব

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কুমিল্লা।

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১১.১৩.০১০(অংশ-১).১৬- ৪৪৭

তারিখঃ ১০/০৮/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হল :-

- ১। অধ্যক্ষ, কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সি টি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। জনাব মোঃ জিল্লুর রহমান, প্রাক্তন ইন্সট্রাক্টর (মেকানিক্যাল), কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউট।
- ৪। সংরক্ষণ নথি।


(মোঃ আব্দুল ওয়াদুদ মন্ডল)
সহকারী পরিচালক-২